

সংবাদ বিবৃতি

মানবাধিকারকর্মী ও মানবাধিকার সংগঠনগুলোকে হয়রানি এবং তাদের কাজে নানামুখী প্রতিবন্ধকতা বন্ধে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর আহ্বান

[২১ সেপ্টেম্বর ২০২৩, ঢাকা] হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ ও উৎকণ্ঠার সাথে লক্ষ্য করছে যে বিভিন্ন কৌশল বা প্রক্রিয়া অবলম্বন করে, মানবাধিকারকর্মী ও মানবাধিকার সংগঠনগুলোকে নানাভাবে হয়রানি ও নিপীড়ন করা হচ্ছে -যা প্রকৃতপক্ষে স্বাধীনভাবে তাদের নিজস্ব কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে।

বিগত কয়েক বছরের বিভিন্ন ঘটনা বিশ্লেষণ করে, গণমাধ্যমে প্রকাশিত সংবাদ, কিংবা মানবাধিকারকর্মী ও মানবাধিকার সংগঠনগুলোর প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে দেখা যায়, মানবাধিকার লঙ্ঘনের ঘটনাসমূহের প্রতিবাদে সোচ্চার হওয়ায় এসব সংগঠন ও কর্মীদের নানাভাবে হয়রানি করা হচ্ছে। এর ফলে এক ধরনের ভয়ের সংস্কৃতি তৈরি হয়েছে, যা নাগরিক অধিকার চর্চা এবং নাগরিক ও রাজনৈতিক অধিকার রক্ষার ক্ষেত্রে সক্রিয় মানবাধিকারকর্মী ও মানবাধিকার সংগঠনগুলোকে নানা প্রতিবন্ধকতার সম্মুখীন করেছে। এর ফলে নাগরিক অধিকার চর্চা বা অধিকারসমূহ দাবি করার ক্ষেত্র ক্রমশ সংকুচিত হয়ে পড়েছে। ঐতিহাসিকভাবে বাংলাদেশে নাগরিক ও মানবাধিকারকর্মী এবং মানবাধিকার ও উন্নয়ন সংগঠনগুলো দেশের আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে তাদের গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। কিন্তু এই অবদানকে মূল্যায়ন না করে, বিভিন্ন সময়ে তাদের আক্রমণ ও হয়রানি করা হচ্ছে এবং কাজের ক্ষেত্র ও গতি সংকুচিত করতে নানা আইনি ও প্রাতিষ্ঠানিক কৌশল অবলম্বন করা হচ্ছে।

এমন পরিস্থিতি যে কোনো দেশের জন্য অশনিসংকেত এবং একটি গণতান্ত্রিক ও মানবাধিকারভিত্তিক সমাজ প্রতিষ্ঠার পথে অন্যতম প্রধান অন্তঃরায়। এইচআরএফবি এ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য স্বাধীনভাবে মত প্রকাশ ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনায় উপযোগী পরিবেশ নিশ্চিত করা এবং সেই সাথে হয়রানি বন্ধ ও নিবর্তনমূলক আইনগুলোর অপপ্রয়োগ বন্ধ করার আহ্বান জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).